# বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর
# সামাজিক গবেষণা নির্দেশিকা- ২০২৩

বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা

# সামাজিক গবেষণা নির্দেশিকা -২০২৩

## ১। সূচনাঃ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন দপ্তরসমূহের মধ্যে সমাজসেবা অধিদফতর অন্যতম। এই মন্ত্রণালয়ের আওতায় মাঠপর্যায়ে সকল কর্মসূচির বাস্তবায়ন এ অধিদফতরকে ঘিরে। খুলনা বিভাগীয় সমাজসেবা কার্যালয় অত্র বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে জোরদার ও মনিটরিং বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে বিশেষ ভূমিকা পালন করছে। কর্মসূচি বাস্তবায়নে সফলতার জন্য সক্ষম, উদ্যোগী ও দক্ষ, প্রতিশ্রুতিবদ্ধ পেশাজীবী সমাজকর্মী গড়েতোলা আবশ্যক। অপরদিকে চলমান কর্মসূচিসমূহের ফলপ্রসূতা যাচাই, নতুন কর্মসূচিগ্রহন, উপর্যুক্ততা বাস্তবায়ন পদ্ধতি নির্ণয় করার জন্য সামাজিক গবেষণার প্রযোজনীয়তা অপরিসীম। সামাজিক গবেষণার মাধ্যমে একদিকে দক্ষ সমাজকর্মী গড়েতোলা এবং স্বেচ্ছাসেবী নিবন্ধীত সংগঠনকে সামাজিক গবেষণা কর্মে সম্পৃক্ত করা সম্ভব। যার অন্যতম লক্ষ্য চলমান কর্মসূচি যুগোপোযুগিকরণ এবং নতুন নতুন কর্মসূচি গ্রহনের প্রস্তাব সদর দফতরে প্রেরণ করা। এ লক্ষ্যে এ কার্যালয়ের তত্ত্বাবধানে সামাজিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে।

সামাজিক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এ কার্যালয় হতে 'সামাজিক গবেষণা নির্দেশিকা -২০২৩' শীর্ষক একটি নির্দেশিকা প্রনয়ন করা হয়েছে। এ নির্দেশিকার আলোকে এ কার্যালয় হতে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

## ২। গবেষণার উদ্দেশ্যঃ

(ক) বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সকল কর্মচারীদের পেশাদারিত্বের উন্নয়ন সাধন করা।

(খ) বিভাগাধীন কর্মকর্তা-কর্মচারীদের গবেষণা/প্রায়োগিক গবেষণা কার্যক্রমে অংশগ্রহনে উৎসাহিত করা।

(গ) দেশের আর্থ-সামাজিক উন্নয়নের সামাজিক সমস্যা সংশ্লিষ্ট বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা।

(ঘ) সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের প্রভাব মূল্যায়ন ও যথার্থতাযাচাই করা।

(ঙ) চলমান কর্মসূচির সফল বাস্তবায়ন পদ্ধতিনিরূপন ও নতুন কর্মসূচিগ্রহনের জন্য অধিদফতরের নিকট প্রস্তাব প্রেরণ।

(চ) বিভাগাধীন নিবন্ধীত স্বেচ্ছাসেবী সংগঠনকে গবেষণা কর্মে সম্পৃক্ত করা।

## গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনাঃ

## ৩। গবেষণা কমিটির কাঠামোঃ

| ক্রম | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা | সভাপতি |
| ২ | অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা | সদস্য |
| ৩ | সমাজকর্ম/সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ বিষয়ের বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক/অধ্যাপক | সদস্য (পরিচালক কর্তৃক মনোনীত) |

| | | |
|---|---|---|
| ৪ | সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা | সদস্য |
| ৫ | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা | সদস্য সচিব |

**৪। গবেষণা প্রকল্প নির্বাচন ও অনুমোদন প্রক্রিয়াঃ**

(ক) গবেষণা প্রস্তাব আহ্বান — অক্টোবর

(খ) গবেষণা প্রস্তাব বাছাই করার জন্য গবেষণা কমিটির সভা আহ্বান — নভেম্বর

(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন ও কার্যাদেশবা দপ্তর আদেশ জারী — ০১-১৫ডিসেম্বর

(ঘ) অনুমোদিত গবেষণা প্রকল্প/ প্রকল্পসমূহের অনুকুলে ১ম কিস্তির অগ্রিম প্রদান — ১৭-৩১ ডিসেম্বর

(বিশেষ কারণে সময়সূচি পরিবর্তনযোগ্য)

**৫। গবেষণা প্রকল্পের মেয়াদঃ**

(ক) গবেষণা প্রকল্পের মেয়াদ ৬ (ছয়) থেকে ১২ (বার) মাস যা অর্থ বছরের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

(খ) বিশেষ ক্ষেত্রে গবেষণা কমিটির সুপারিশক্রমে পরিচালক গবেষণা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে পারেন।

(গ) প্রকল্প পরিচালক বরাবর কার্যাদেশ বা দপ্তর আদেশ জারীর তারিখ হতে প্রকল্প কাল গণনা করা হইবে।

**৬। গবেষণা প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাঃ**

প্রতিটি গবেষণা প্রকল্পের গবেষক বা প্রকল্প পরিচালক গবেষণাকার্যের অগ্রগতি নির্ধারিত ছকে কমিটি বরাবর উপস্থাপন করবেন। কমিটির সভায় গবেষণা প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হইবে।

**৭। গবেষণা কমিটির নিকট খসড়া প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদনঃ**

(ক) পরিচালক ০১ (এক) - ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি গবেষণা মূল্যায়ন উপ-কমিটি গঠন করবেন। মূল্যায়ন উপ-কমিটির সুপারিশক্রমে গবেষণা কমিটি কর্তৃক গবেষণা অনুমোদিত হইবে।

(খ) গবেষণা কাজ সমাপ্ত হওয়ার পর গবেষণা প্রকল্পের গবেষক বা প্রকল্প পরিচালক খসড়া গবেষণা প্রতিবেদনের ০৩ (তিন) কপি কমিটির নিকট উপস্থাপন করবেন। একই সাথে কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে গবেষক/ প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সম্পাদিত গবেষণার সার্বিক চিত্র সভায় উপস্থাপন করবেন।

(গ) পরবর্তীতে গবেষক বা প্রকল্প পরিচালক চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের ০৫ (পাচ) কপি কমিটির সদস্য সচিবের নিকট জমা প্রদান করবেন।

**৮। গবেষণা প্রতিবেদনের স্বত্ত ও গবেষণা তথ্য প্রচারঃ**

(ক) বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা কর্তৃক পরিচালিত সকল গবেষণার সত্ত বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের নিকট ন্যাস্ত থাকবে।

(খ) গবেষক গবেষণা কমিটির অনুমোদনক্রমে সম্পাদিত গবেষণা জাতীয়/আর্ন্তজাতিক জার্নালে প্রকাশ করতে পারবেন।

(গ) সম্পাদিত গবেষণালব্ধ জ্ঞান বিভিন্ন মাধ্যমে প্রচার করা যাবে। যেমনঃ সংবাদপত্র, সেমিনার,

কনফারেন্স, ওয়ার্কশপ, ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যম ইত্যাদি।

**৯। গবেষণা কমিটির কার্যপরিধিঃ**

(ক) গবেষণা প্রস্তাবনা গ্রহন ও সুপারিশ প্রদান।

(খ) গবেষণা প্রচার ও প্রকাশনা সম্পর্কে অভিমত প্রদান।

(গ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) গবেষণা প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের সুপারিশ করা।

**১০। গবেষণা কার্যক্রম অনুমোদন ও বাস্তবায়নঃ**

(ক) গবেষণা কমিটির সুপারিশক্রমে পরিচালক কর্তৃক গবেষণাকর্মের অনুমোদন প্রদান করা হবে।

(খ) গবেষক যথাসময়ে গবেষণার অগ্রগতি প্রতিবেদন গবেষণা কমিটির নিকট উপস্থাপন করবেন।

(গ) গবেষণা কমিটি অনুমোদিত গবেষণার বাস্তবায়ন, তত্ত্বাবধায়ন ও সমন্বয় করিবে।

(ঘ) গবেষণা কমিটির সুপারিশক্রমে পরিচালক কর্তৃক গবেষণাকর্মের অর্থ ছাড় ও অনুমোদন করা হবে।

**১১। গবেষণা কার্যক্রমেরধরনঃ**

বাজেট অনুসারে দুই ধরনের গবেষণা কার্যক্রম পরিচালিত হবেঃ

(ক) ছোট পরিসরে গবেষনাঃ ০১ (এক) থেকে ০২ (দুই) লক্ষ টাকা বাজেট সম্পন্ন গবেষণা

(খ) বড় পরিসরে গবেষনাঃ ০৩ (তিন) থেকে ০৫ (পাচ) লক্ষ টাকা বাজেট সম্পন্ন গবেষণা

**১২। গবেষণার ক্ষেত্র ও গবেষণার আওতাঃ**

(ক) সমাজসেবা অধিদফতর পরিচালিত চলমান কর্মসূচিসমূহের আর্থ সামাজিক প্রভাব মূল্যায়ন করা।

(খ) নতুন সমাজকল্যাণমূলক কর্মসূচি চালুর সম্ভব্যতা যাচাই করা।

(গ) চলমান সামাজিক সমস্যার কারণ বিশ্লেষন ও নিরসনে সুপারিশ নিরুপন করা।

(ঘ) সকল ধরনের গবেষনার আওতা হবে সমগ্র খুলনা বিভাগ।

**১৩। গবেষণার প্রস্তাবের বিষয়বস্তুঃ**

(ক) ভূমিকা/ সমস্যার বিবরণ

(খ) গবেষণার যৌক্তিকতা

(গ) গবেষণার উদ্দেশ্য

(ঘ) গবেষণার পরিধি

(ঙ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণ)

(চ) উপাত্তের উৎস

(ছ) কর্ম এলাকা ও উপকারভোগীর বিবরণ

(জ) প্রত্যাশিত ফলাফল

(ঝ) কর্মপরিকল্পনা/সময়সীমা

(ঞ) বাজেট

(ট) গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গের পরিচিতি
(ঠ) গবেষণা প্রকল্পের পরিচালকের জীবন বৃত্তান্ত।

**১৪। মূল্যায়নকারীর সম্মানীঃ**

(ক) গবেষণা প্রস্তাব প্রাথমিক মূল্যায়নের জন্য মূল্যায়নকারী সম্মানী ১০০০ (একহাজার) টাকা হারে প্রাপ্য হইবেন।

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত মূল্যায়নের জন্য সদস্যগণ মূল্যায়ন সম্মানী বাবদ ২০০০ (দুইহাজার) টাকা হারে প্রাপ্য হইবেন।

**১৫। গবেষণা কার্যক্রমের অর্থ প্রদান হিসাব সংরক্ষণ ও সমন্বয়ঃ**

(ক) গবেষককে দাপ্তরিক আদেশ প্রদানের পর গবেষণা কার্যক্রমের আউটলাইন বা কর্মপরিকল্পনা প্রাপ্তির পর বরাদ্ধকৃত তহবিলের ১ম কিস্তির অর্থ ছাড় করা যাবে।

(খ) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই কিস্তিতে প্রদান করা যাবে। ১ম কিস্তিতে অনুমোদিত বাজেটের ৬০% এবং ২য় কিস্তিতে অবশিষ্ট ৪০% অর্থ ছাড় করা হবে।

(গ) গবেষণা কমিটি কর্তৃক প্রতিবেদন চুড়ান্ত অনুমোদিত হওয়ার পর ২য় কিস্তির অর্থ ছাড় করা হবে।

**১৬।গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষণা পরিচালক/ গবেষকদের লিখিত সম্মতি জ্ঞাপনঃ**

গবেষক/সহ-গবেষক/সহযোগী সদস্য এই মর্মে সম্মতি জ্ঞাপন করিবেন যে, তাঁরা নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের কাজ সম্পাদনের সর্বাত্তোক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প হতে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী ফেরত প্রদান করবেন।

**১৭। প্রকল্পের গৃহীত অর্থের জবাবদিহিতাঃ**

গবেষণা কমিটি কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে কোন গবেষণা প্রকল্পের প্রতিবেদন গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত হয়ে ০৫ (পাচ) কপি জমা না দিলে কিংবা গবেষক/প্রকল্প পরিচালক কর্তৃক পরিতাজ্য হলে উক্ত প্রকল্প বাতিল বলে গণ্য করা হবে এবং গৃহীত সমুদয় অর্থ গবেষক/প্রকল্প পরিচালক ফেরত দিতে বাধ্য থাকিবেন। যদি কোন প্রকল্পে ব্যয়ভার মেটানোর পর উদ্বৃত্ত থেকে যায় তবে তা সংশ্লিষ্টগণ ফেরত দিতে বাধ্য থাকিবেন। গবেষক/প্রকল্প পরিচালক তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন তাহলে গ্রহীতা অগ্রিম অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

**১৮। গবেষণা পরিচালক,গবেষক,সহ-গবেষকের যোগ্যতাঃ**

(ক) গবেষক সমাজসেবা অধিদফতরের আওতাধীন খুলনা বিভাগে কর্মরত স্থায়ী কর্মচারী হইবে।

(খ) গবেষণা কার্যক্রম পরিচালনায় অভিজ্ঞ নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠন গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবে।

(গ) গবেষক জাতীয় সমাজসেবা একাডেমী পরিচালিত‘সামাজিক গবেষণাপদ্ধতি’ বিষয়ে প্রশিক্ষণ গ্রহনকারী বা যে কোন বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান হতে ‘গবেষণা পদ্ধতি’ বিষয়ে অধ্যয়ন/প্রশিক্ষণ গ্রহন করেছেন এমন ব্যক্তি হইবেন

(ঘ) গবেষণাকর্মে নূন্যতম ০৫ (পাঁচ) বছর অভিজ্ঞতা সম্পন্ন যে কোন ব্যক্তি গবেষণা কর্মে অংশনিতে পারবেন। এক্ষেত্রে এমফিল/পিএইচডি ডিগ্রিধারী ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে।

গবেষণা প্রস্তাব মূল্যায়নের সমাজবিজ্ঞান বিষয় হতে ডিগ্রীধারী কর্মচারী অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। যেমন: সমাজবিজ্ঞান, পরিবেশবিজ্ঞান, সমাজকল্যাণ, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, লোকপ্রশাসন, অর্থনীতি, জনমিতিবিজ্ঞান, অপরাধ বিজ্ঞান ইত্যাদি।

**১৯। গবেষকের জন্য আরোপিত শর্ত:**

(ক) একজন গবেষক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর অর্থায়নে প্রতি অর্থ বর্ষে সর্বোচ্চ একটি গবেষণা পরিচালনা করতে পারবেন

(খ) গবেষক জাতীয় সমাজসেবা একাডেমী বা অন্যকোন গবেষণা সংস্থার অর্থায়নে গবেষণা কার্য পরিচালনা করতে পারবেন। এরুপ গবেষণা প্রতি অর্থ বর্ষে সর্বোচ্চ দুইয়ের অধিক হইবে না।

(গ) গবেষণাকর্মে প্রকল্প এলাকা ভ্রমন দাপ্তরিক কাজ হিসেবে গণ্য হইবে। এরুপভ্রমন ব্যয় প্রকল্পের অর্থ দ্বারা মিটানো হবে। কোনরুপ ভ্রমন বিল দাবি করা যাবে না।

**২০। গবেষণাকর্মের আর্থিক ব্যবস্থপনাঃ**

(ক) সমাজসেবা অধিদফতর হতে গবেষণা খাতে প্রাপ্ত বরাদ্দ হইবে গবেষণাকার্য পরিচালনা তহবিলের উৎস।

(খ) গবেষণা তহবিল হিসেবে প্রাপ্ত অর্থের ০৫-১০% অর্থ প্রশাসনিক কাজে ব্যয় করা হইবে।

(গ) অবশিষ্ট ৯০-৯৫% অর্থ গবেষক/প্রকল্প পরিচালক বরাবর ন্যস্ত হবে।

**২১। গবেষণা পরিচালক/গবেষক ও সহ-গবেষক সম্মানী:**

(ক) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের ২০% থেকে ৪০% পরিচালক/গবেষক ও সহ-গবেষক সম্মানী হিসেবে প্রাপ্য হবেন।

(খ) গবেষণা প্রকল্পের অনুমোদিত বাজেটের ৩৫% থেকে ৬৫% অর্থ গবেষণা তত্ত্বাবধায়ক, তথ্য সংগ্রহকারী বা সহযোগী সদস্যগণ সম্মানী/ভাতা হিসেব প্রাপ্য হবেন।

(গ) গবেষণা প্রকল্পের অনুমোদিত বাজেটের ১৫% থেকে ২৫% অর্থ গবেষণা সংশ্লিষ্ট বিবিধ কাজে ব্যয় হইবে। যেমন: ফটোকপি, স্টেশনারী, কাগজ, কলম, রেজিষ্টার, বই পত্র ক্রয়, মুদ্রণবাধাই ইত্যাদি।

**২২। বিবিধ**

(ক) প্রত্যেক গবেষণা দলের জ্যেষ্ঠ কর্মকর্তা ঐ দলের দলনেতা হইবেন;

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা দল অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থ বৎসর তাঁহার কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না;

(গ) গবেষণা দলের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহকের মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন; এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে;

(ঘ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য; কোনো দলের প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হইলে ঐ দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্যবিবেচিত হইবেন;

(ঙ) প্রদত্ত প্রতিবেদনে মৌলিক এবং প্রতিবেদন বা ইহার কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হইতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করিবেন;

(চ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের Reference স্বীকৃতি পদ্ধতিতে প্রদান করিতে হইবে;

(ছ) গবেষণা চলাকালীন গবেষণা দল মধ্য মেয়াদী অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ মাসের তারিখের মধ্যে এই নির্দেশিকার পরিশিষ্ট 'খ' প্রদত্ত ছকে কমিটির আহবায়কের নিকট দাখিল করিবে;

(জ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করিতে হইবে;

(ঝ) জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হেয় প্রতিপন্ন করে- এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাহাকেও পীড়াদেয়- এমনকোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক- ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না;

(ঞ) সংগৃহীত তথ্য উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদানকারীর গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;

(ট) গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(ঠ) গবেষণা কাজে কোন জটিলতা/ প্রতিবন্ধকতা দেখা দিলে উপপরিচালক বিষয়টি অবিলম্বে গবেষণা কমিটির সভায় উপস্থাপন করবেন এবং কমিটির সুপারিশের আলোকে বিষয়টি নিষ্পত্তিরব্যবস্থা করবেন;

(ঢ) যদি কোন গবেষণা কাজের ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থাকে তবে তা যথাসময়ে কর্তৃপক্ষ বরাবর ফেরৎ প্রদান করতে হবে;

(ণ) এ উদ্দেশ্য পূরণকল্পে বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক এ নির্দেশিকার সংশোধন/পরিবর্তন/পরিমার্জন করতে পারবেন।

মোঃ মেহেদী আল মাসুদ
সহকারী পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।

মোঃ আব্দুর রহমান
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
খুলনা।

কানিজ মোস্তফা
উপপরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
সমাজসেবা অধিদফতর, খুলনা।

সমীর মল্লিক
অতিরিক্ত পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
খুলনা।

# গবেষণার অগ্রগতি প্রতিবেদন ছক

তারিখ:........................

| গবেষণার বিষয় | গবেষণা দলের সদস্যগণের নাম ও পদবী | বরাদ্দের পরিমাণ | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | সম্পাদিত কার্যক্রম | আর্থিক (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |

গবেষক/গবেষণা পরিচালকের স্বাক্ষর